# মার্চ/২০২৩ মাসের জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী
## জেলাঃ রাজশাহী

সভাপতি : আব্দুল জলিল
জেলা প্রশাসক, রাজশাহী
স্থান : জেলা প্রশাসক, রাজশাহীর সম্মেলন কক্ষ
তারিখ : ১৯/০৩/২০২৩ খ্রি.
সময় : বেলা ১১.০০ ঘটিকা

আলোচনা – ১: পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণী পাঠ শেষে কোন সংশোধনী না থাকায় বিগত সভার সিদ্ধান্ত সমূহ দৃঢ়িকরণ করা হয়।

আলোচনা -২: ইউরিয়া, টিএসপি, ডিএপি ও এমওপি সারের মজুদ ও মূল্য পরিস্থিতি

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী চলতি মার্চ/২৩ মাসের রাজশাহী জেলার ইউরিয়া, টিএসপি, এমওপি ও ডিএপি সারের বরাদ্দ, উত্তোলন, মজুদ ও অনুত্তোলিত সারের পরিমান উল্লেখ করেন যা নিম্নরূপ ।

| # | উপজেলার নাম | ইউরিয়া | | | টিএসপি | | | এমওপি | | | ডিএপি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বরাদ্দ | উত্তোলন | মজুদ | বরাদ্দ | উত্তোলন | মজুদ | বরাদ্দ | উত্তোলন | মজুদ | বরাদ্দ | উত্তোলন | মজুদ |
| ১ | পবা | ২০ | ২৩ | ১৩ | ৫ | ০ | ১ | ১২ | ১ | ২ | ৪ | ২ | ৪ |
| ২ | তানোর | ২২ | ১৫ | ৭ | ৪ | ১১ | ৭ | ১২ | ২ | ৭ | ৫ | ১১ | ৭ |
| ৩ | মোহনপুর | ৫০২ | ৩৯১ | ২১৪ | ৮৬ | ৫৩ | ১৩২ | ২৮৩ | ২২৮ | ২৪৬ | ৫০ | ২৯ | ২৯ |
| ৪ | বাগমারা | ৯৫৮ | ৮৩৬ | ৪৩৮ | ১০৬ | ১৫৭ | ২০৩ | ১৯৬ | ২৪৯ | ২৬৯ | ৮৯ | ১৪৩ | ৬১ |
| ৫ | দুর্গাপুর | ৬২৪ | ৩৪২ | ২৮৭ | ৯০ | ৯৮ | ১৪০ | ২৩৩ | ২১৯ | ২৯৫ | ১০৭ | ২০৮ | ৮৮ |
| ৬ | পুঠিয়া | ১১৬০ | ৫৬৯ | ৫৩৪ | ৫৮ | ৬৪ | ১৪১ | ১৮২ | ৩০৩ | ২৮২ | ১২৩ | ১১২ | ৭৩ |
| ৭ | গোদাগাড়ী | ১১৯২ | ৭৮১ | ৩৯০ | ২৩০ | ২৭২ | ৩৭৪ | ৬৪০ | ৬৩৬ | ৪৬৬ | ২১২ | ৩৩৮ | ১৬৭ |
| ৮ | চারঘাট | ৩০৭ | ১১৪ | ১৫০ | ৬৬ | ৯১ | ১০৫ | ২০৬ | ১৪৩ | ১৩০ | ৮৪ | ১২৯ | ১০৫ |
| ৯ | বাঘা | ৫৮১ | ১৭৫ | ২০৫ | ৮৯ | ১৭৭ | ২১৭ | ২৮৫ | ১৬০ | ২৫৪ | ৯৩ | ১৭৭ | ১১৭ |
| ১০ | বোয়ালিয়া | ৩০৭ | ১১৪ | ১৫০ | ৬৬ | ৯১ | ১০৫ | ২০৬ | ১৪৩ | ১৩০ | ৮৪ | ১২৯ | ১০৫ |
| ১১ | মতিহার | ৫৮১ | ১৭৫ | ২০৫ | ৮৯ | ১৭৭ | ২১৭ | ২৮৫ | ১৬০ | ২৫৪ | ৯৩ | ১৭৭ | ১১৭ |
| | মোট | ৬৯৩৭ | ৪৩১৬ | ২৯৮৮ | ৯০৮ | ১০৯১ | ১৭৮৮ | ২৪৭৯ | ২৪১২ | ২৪৭৮ | ৯৬৮ | ১৫৮৬ | ৫২৮ |

তিনি আরও বলেন যে, রাজশাহী বাফার গুদামে ৭৮৯৯ মেঃটন ইউরিয়া সারের মজুদ রয়েছে। বিএডিসি'র গুদামে টিএসপি ৩২৫০ মেঃটন, এমওপি ৩৮৩৬ মেঃটন এবং ডিএপি ৯৭৬ মেঃটন সার মজুদ রয়েছে। জেলায় যথেষ্ট সার মজুদ থাকায় বর্তমানে সারের কোন সমস্যা নেই। কৃষক পর্যায়ে সরকার নির্ধারিত মূল্যে ইউরিয়া সার সর্বোচ্চ বস্তা প্রতি ১১০০/- টাকা, টিএসপি ১১০০/- টাকা, এমওপি ৭৫০/- টাকা এবং ডিএপি ৮০০/- টাকায় বিক্রয় হচ্ছে। গত বছর এই দিনে বিভিন্ন সারের মজুদ ছিল ইউরিয়া ২৭৪৭ মেঃটন, টিএসপি ৮৫৫ মেঃটন, এমওপি ৪৫৯ মেঃটন এবং ডিএপি ২৬৪৪ মেঃটন। উন্মুক্ত আলোচনার মাধ্যমে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : (১) সকল সার ডিলারকে সময়মত বরাদ্দের বিপরীতে টাকা জমা এবং অনুত্তোলিত সার দ্রুত উত্তোলন এবং সার উত্তোলনের সাথে সাথে আগমনী বার্তা সংশ্লিষ্ট দপ্তরে প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।
(২) সার বিতরণ ব্যবস্থা মনিটরিং জোরদারকরণ এবং কোনক্রমেই যাতে সরকার নির্ধারিত মূল্যের অধিক মূল্যে সার বিক্রয় না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটিকে অনুরোধ জানানো হলো।

আলোচনা - ৩ : মেসার্স ব্রাদার্স টেডার্স, প্রোঃ মোঃ আফজাল হোসেন বিএডিসি সার ডিলারের আবেদন প্রসঙ্গে।

সদস্য সচিব ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী সভাকে জানান যে, মেসার্স ব্রাদার্স ট্রেডার্স, প্রোঃ মোঃ আফজাল হোসেন, তিনি তানোর উপজেলার একজন বিএডিসি সার ডিলার। ২০১৭ সালে তিনি তানোর উপজেলার কামারগাঁ ইউনিয়নের ঠিকানায় ডিলার হিসাবে নিয়োগপ্রাপ্ত হন। পরবর্তীতে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, তানোর, রাজশাহী কলমা ইউনিয়নে এসাইন করেন। বর্তমানে

তিনি তাঁর নিয়োগকালীন স্থানে ব্যবসা পরিচালনার জন্য কামারগাঁ ইউনিয়নের চেয়ারম্যানসহ প্রায় ১০০ জন কৃষকের স্বক্ষরসহ আবেদন করেছেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত : সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিতত নীতিমালা-২০০৯ এর ১৫ ধারা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটি, তানোর, রাজশাহীকে অনুরোধ জানানো হলো।

আলোচনা – ৪: বাংলাদেশ সীড এসোসিয়েশনের ০২ জন সদস্য জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সদস্য হওয়ার জন্য আবেদন।

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী বলেন যে, কৃষি মন্ত্রণালয়ের সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখার স্মারক নং ১২.০০.০০০০.০৩৫.৪০.০০৫.১৬-৫৩, তারিখ ১৪/০৫/২০১৯ খ্রি: পত্রে বাংলাদেশ সীড এসোসিয়েশন (BSA) এর ০২(দুই) জন করে প্রতিনিধিকে জেলা সার ও বীজ মনিটরিং কমিটি এবং উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভায় অংশগ্রহণের সুযোগ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হয়েছে। তদপ্রেক্ষিতে বাংলাদেশ সীড এসোসিয়েশন (BSA) এর সভাপতি স্বাক্ষরিত পত্রে রাজশাহী জেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে প্রতিনিধি হিসাবে ০২ জনকে মনোনয়ন প্রদান করেছেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত : বাংলাদেশ সীড এসোসিয়েশন (BSA) এর রাজশাহী জেলা শাখার সভাপতি-কে জেলা সার ও বীজ মনিটরিং কমিটিতে সদস্য হিসাবে কো-অফ করা হলো।।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আব্দুল জলিল
জেলা প্রশাসক, রাজশাহী
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
রাজশাহী
ফোন ০২৫৮৮৮৫৭০৫০ (অফিস)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালক এর কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী

স্মারক নং ১২.০১.৮১০০.০০০.০৬.০০২.১৯- ৫৫৭(৫৬) তারিখঃ ২৮/০৬/২০২৫খ্রি:

বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-১ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০২. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-২ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৩. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৩ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৪. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৪ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৫. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৫ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৬. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৬ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৭. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ জনাব শেখ বদিউল আলম, কৃষি অর্থনীতিবিদ।
০৮. চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০।
০৯. চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা।
১০. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১১. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
১২. জেলা প্রশাসক, রাজশাহী।
১৩. পুলিশ সুপার, রাজশাহী।
১৪. -৫৬.
.................................................................................(কমিটির সকল সদস্য)
.................................................................................
.................................................................................

উপ-পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী
ও সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
ফোন ০২৫৮৮৮-৬১৭৭১